



সূত্র: মাভাবিপ্রবি/একা-ডেটে.এ্যানি.সায়েন্স অনুষদ(১০৬)/২০২৩/ ১৬২ (১২)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১
০৭ মে ২০২৪

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি মেডিসিন এন্ড এ্যানিমেল সায়েন্স অনুষদের অন্তর্ভুক্ত সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজের (সিরাজগঞ্জ ক্যাম্পাস) বিদ্যমান বিভাগসমূহের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বিএসসি ভেট. সায়েন্স এন্ড এ এইচ স্নাতক শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের যথাক্রমে ২য় বর্ষ ২য় সেমিস্টার (লেভেল-২, সেমিস্টার-২) ও ১ম বর্ষ ২য় সেমিস্টার (লেভেল-১, সেমিস্টার-২) ফাইনাল পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ক্রেডিট ফি ও অন্যান্য খাতের ফিসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, মাভাবিপ্রবি শাখা-এর হিসাব নং STD-6030103000036-এ সরাসরি/অনলাইনে ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদান করে কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে বলা হলো :

ছক

ক্রঃ নং	শিক্ষাবর্ষ	বর্ষ ও সেমিস্টার [স্নাতক (সম্মান) প্রোগ্রাম]	প্রতি ক্রেডিট আওয়ার ফি (টাকা)	অন্যান্য ফি (টাকা) (প্রতি সেমিস্টারের জন্য)	Backlog/Special কোর্স ফি (টাকা)
০১	২০১৯-২০	লেভেল-২, সেমিস্টার-২	১১০/-	পরীক্ষার ফি ৫০০/-, ছেডশিট ফি ১০০/-	
০২	২০২০-২১	লেভেল-১, সেমিস্টার-২	১১০/-	পরীক্ষার ফি ৫০০/-, ছেডশিট ফি ১০০/-	

ছকে উল্লিখিত ফিসমূহ জমা দেয়ার সময়সূচি :

ক) ০৮/০৫/২০২৪ তারিখ হতে ১২/০৫/২০২৪ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ছাড়া)।

খ) ১৩/০৫/২০২৪ তারিখ হতে ১৪/০৫/২০২৪ তারিখ পর্যন্ত (বিলম্ব ফিসহ)। বিলম্ব ফি : ১ম সপ্তাহ ২০০/-টাকা সহ পরবর্তী প্রতি সপ্তাহ ৫০/-টাকা হারে।

নির্দেশাবলি :

- ১) নির্ধারিত কোর্স রেজিস্ট্রেশন ফরম স্ব- স্ব হল অফিস ও বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (www.mbstu.ac.bd) পাওয়া যাবে।
- ২) কোর্স রেজিস্ট্রেশন ফরম নির্ভুলভাবে পূরণের পর বিভাগীয় চেয়ারম্যান ও হল প্রভোস্টের স্বাক্ষর নিয়ে ব্যাংকে টাকা জমা দানের রশিদসহ কোর্স রেজিস্ট্রেশন ফরমটি রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় জমা দিতে হবে।
- ৩) কোর্স রেজিস্ট্রেশন ফরমে নির্ধারিত কোর্সসমূহ স্পষ্টভাবে লিখতে হবে এবং অনুমোদনের পর কোর্সের সংখ্যা/হাস/বৃদ্ধি করা অথবা অন্য কোনোরূপ সংশোধন করা যাবেনা। তবে, বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ করে প্রয়োজনীয় সংশোধন করা যেতে পারে।
- ৪) রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় কোনো লেখা ঘষা-মাজা বা ওভাররাইটিং করা বা ফুইড ব্যবহার করা যাবে না। তবে অনিবার্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানে বিভাগীয় প্রধানের প্রতি স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৫) Re-Admission নেয়া শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন ফরমের উপরে অবশ্যই 'Re-Ad:' লিখতে হবে।
- ৬) বিজ্ঞপ্তিতে কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

(ড. মোহা: তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাভাবিপ্রবি